



যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলায় উত্তপ্ত ইরান পাল্টা জবাব দিচ্ছে তেহরান



ইরানে মার্কিন-ইসরায়েলি হামলা। ছবি: সংগৃহীত

ইরানের বিভিন্ন স্থানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা অব্যাহত রয়েছে। কারাজে একটি সেতুতে আঘাতে ৮ জন নিহত ও বহু আহত হয়েছেন। একই সঙ্গে আহভাজ ও ইসফাহানের ইস্পাত কারখানা এবং তেহরানের একটি গবেষণা কেন্দ্রেও হামলা হয়েছে।

পাল্টা প্রতিক্রিয়ায় ইসরায়েল লক্ষ্য করে আবারও ক্ষেপণাস্ত্র ছুড়েছে ইরান। যুদ্ধ শুরু পর এখন পর্যন্ত ইসলামিক রেভোলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) ৯১ দফা হামলার দাবি করেছে। তেলআবিব ও ইলিয়াত শহর ছিল সর্বশেষ হামলার লক্ষ্য।

ইসরায়েলের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা একাধিক ক্ষেপণাস্ত্র প্রতিহত করার কথা জানিয়েছে। এর আগে পেতাহ তিকভা শহরের কয়েকটি আবাসিক ভবনে ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষ পড়ে ক্ষয়ক্ষতি হলেও হতাহতের খবর পাওয়া যায়নি।

এদিকে দুবাইয়ে মার্কিন প্রযুক্তি প্রতিষ্ঠান ওরাকলের একটি ডেটা সেন্টারে হামলার দাবি করেছে আইআরজিসি, যদিও তা অস্বীকার করেছে কর্তৃপক্ষ। একই সঙ্গে ইসরায়েল লক্ষ্য করে ইয়েমেনের হুতি বিদ্রোহীরাও হামলা করেছে বলে জানা গেছে।